



পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

বাস্তবভিত্তিক সমস্যার সহসমীকরণ গঠন ও সমাধান : সরল সহসমীকরণের ধারণা থেকে বাস্তব জীবনের বহু সমস্যা সমাধান করা যায়। অনেক সমস্যায় একাধিক চলক আসে। প্রত্যেক চলকের জন্য আলাদা প্রতীক ব্যবহার করে সমীকরণ গঠন করা যায়। এরূপ বেত্রে যতগুলো প্রতীক ব্যবহার করা হয়, ততগুলো সমীকরণ গঠন করতে হয়। অতঃপর সমীকরণগুলো সমাধান করে চলকের মান নির্ণয় করা যায়।

লেখচিত্রের সাহায্যে সরল সহসমীকরণের সমাধান : দুই চলকবিশিষ্ট সরল সহসমীকরণে দুইটি সরল সমীকরণ থাকে। দুইটি সরল সমীকরণের জন্য লেখ অঙ্কন করলে দুইটি সরলরেখা পাওয়া যায়। এদের ছেদবিন্দুর স্থানাঙ্ক উভয় সরলরেখায় অবস্থিত। এই ছেদবিন্দুর স্থানাঙ্ক অর্থাৎ (x, y) প্রদত্ত সরল সহসমীকরণের মূল হবে। x ও y -এর প্রাপ্ত মান দ্বারা সমীকরণ দুইটি যুগপৎ সিদ্ধ হবে। অতএব, সরল সহসমীকরণ যুগলের একমাত্র সমাধান যা ছেদবিন্দুর ভূজ ও কোটি।

Note : সরলরেখা দুইটি সমান্তরাল হলে, প্রদত্ত সহসমীকরণের কোনো সমাধান নেই।

বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬.৩ : বাস্তবভিত্তিক সমস্যার সহসমীকরণ গঠন ও সমাধান

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

- একটি সংখ্যার তিন গুণের সাথে দুই গুণ যোগ করলে 85 হয় সংখ্যাটি কত?
 (ক) 15 ● 17 (গ) 19 (ঘ) 21
 ব্যাখ্যা : ধরি, সংখ্যাটি x
 শর্তানুসারে, $3x + 2x = 85$
 বা, $5x = 85$ বা, $x = \frac{85}{5} = 17$
- কোনো ভগ্নাংশের লবের সাথে 5 যোগ করলে এর মান 2 হয়। আবার হর থেকে 1 বিয়োগ করলে এর মান 1 হয় ভগ্নাংশটি কত?
 (ক) $\frac{7}{6}$ (খ) $\frac{5}{6}$ ● $\frac{3}{4}$ (ঘ) $\frac{3}{5}$
- একক স্থানীয় অঙ্ক x ও দশক স্থানীয় অঙ্ক y হলে, পরস্পর স্থান বিনিময় করলে নতুন সংখ্যাটি কী হবে?
 (ক) $x - 10y$ (খ) $x + 10y$ ● $y + 10x$ (ঘ) $y - 10x$
- কোন সংখ্যার 4 গুণের সাথে 3 বিয়োগ করলে সংখ্যাটি 45 হবে?
 ● 12 (খ) 14 (গ) 16 (ঘ) 18
 ব্যাখ্যা : ধরি, সংখ্যাটি x শর্তানুসারে, $4 \times x - 3 = 45$
 বা, $4x = 45 + 3 = 48$ বা, $x = \frac{48}{4} = 12 \therefore x = 12$
- পিতার বয়স পুত্রের বয়সের চারগুণ। 4 বছর পূর্বে পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ছিল 52 বছর। পিতার বর্তমান বয়স কত বছর?
 (ক) 32 (খ) 38 ● 48 (ঘ) 52
- কোন সংখ্যার $\frac{1}{4}$ অংশ, ঐ সংখ্যার $\frac{1}{5}$ অংশ হতে 20 বেশি?
 (ক) 200 (খ) 300 ● 400 (ঘ) 500

- আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের সমান একটি বর্গক্ষেত্র। যদি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 9 মিটার, প্রস্থ 4 মিটার হয় তবে বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য কত?
 (ক) 36 মিটার (খ) 18 মিটার
 ● 6 মিটার (ঘ) 3 মিটার
- একটি তিন অঙ্কের সংখ্যার একক স্থানীয় অঙ্ক শূন্য, দশক স্থানীয় অঙ্ক 1 ও শতক স্থানীয় অঙ্ক y হলে সংখ্যাটি কত? (কঠিন)
 (ক) $10 + y$ (খ) $10y + 1$
 ● $10 + 100y$ (ঘ) $100 + 10y$
 ব্যাখ্যা : শর্তমতে, সংখ্যাটি = $100 \times y + 10 \times 1 + 0 = 100y + 10$
- দুটি ক্রমিক সংখ্যার সমষ্টি 23 হলে, ক্ষুদ্রতর সংখ্যাটি কত? (মধ্যম)
 (ক) 10 ● 11 (গ) 12 (ঘ) 13
 ব্যাখ্যা : ক্রমিক সংখ্যা দুইটি $x, x + 1$
 শর্তমতে, $x + x + 1 = 23$ বা, $2x + 1 = 23$
 বা, $2x = 23 - 1 = 22$ বা, $x = \frac{22}{2} = 11 \therefore x = 11$
- একটি সংখ্যা অপর একটি সংখ্যার দেড়গুণ এবং সংখ্যা দুইটির যোগফল 25। বড় সংখ্যাটি নিচের কোনটি? (মধ্যম)
 (ক) 10 (খ) 12 ● 15 (ঘ) 20
- দুটি সংখ্যার যোগফল 100 এবং বিয়োগফল 20 হলে, সংখ্যা দুটি কত? (মধ্যম)
 (ক) 50, 30 ● 60, 40 (গ) 70, 50 (ঘ) 80, 60
- পর পর দুইটি পূর্ণসংখ্যার যোগফল 147 হলে সংখ্যা দুইটির মান কত? (মধ্যম)
 (ক) 71, 72 (খ) 72, 73 ● 73, 74 (ঘ) 75, 76
 ব্যাখ্যা : ধরি, সংখ্যা দুইটি যথাক্রমে, x ও $x + 1$
 শর্তমতে, $x + x + 1 = 147$

বা, $2x = 147 - 1 = 146$ বা, $x = \frac{146}{2} = 73$

$\therefore x = 73$

\therefore সংখ্যা দুইটি যথাক্রমে, 73, (73 + 1) বা, 74

১৩. দুইটি সংখ্যার যোগফল 160 এবং একটি অপরাটর তিনগুণ হলে, সংখ্যা দুইটি নির্ণয় কর।

- 40, 120 খ) 130, 30 গ) 150, 10
ঘ) 20, 140

১৪. দুইটি সংখ্যার সমষ্টি 27 ও অনুপাত 5 : 4 ছোট সংখ্যাটি কত?

- ক) 15 খ) 14 ● 12 ঘ) 10

১৫. দুইটি ক্রমিক সংখ্যার সমষ্টি 31 হলে, ছোট সংখ্যাটি কত?

- ক) 13 খ) 12 গ) 14 ● 15

১৬. দুটি সংখ্যার সমষ্টি 10 এবং অন্তরফল 4 হলে সংখ্যা দুটি কত?

- ক) 6, 4 ● 7, 3 গ) 4, 2 ঘ) 9, 1

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৭. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- দুইটি সংখ্যার সমষ্টি 48 এবং অন্তর 20 হলে, বৃহত্তম সংখ্যা 34।
- তিনটি অখণ্ড ক্রমিক সংখ্যার যোগফল 120 হলে সংখ্যা তিনটি 39, 40, 41।
- দুই অজ্ঞকবিশিষ্ট সংখ্যা $11x$ হলে, এর একক ও দশক স্থানীয় অঙ্ক দুইটি যথাক্রমে x , x ।

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

ব্যাখ্যা :

- ১ম শর্তমতে $x + y = 48$ (i)
২য় শর্তমতে, $x - y = 20$... (ii)

(যোগ করে) $2x = 68$

বা, $x = \frac{68}{2} = 34$

$\therefore x = 34$, $\therefore y = 48 - 34 = 14$

সুতরাং উক্তিটি সঠিক।

ii. $39 + 40 + 41 = 120$ সুতরাং উক্তিটি সঠিক।

iii. একক স্থানীয় সংখ্যা = x

\therefore দশক স্থানীয় সংখ্যা = $10 \times x = 10x$

\therefore সংখ্যাটি = $10x + x = 11x$ সুতরাং উক্তিটি সঠিক।

১৮. দুই অজ্ঞকবিশিষ্ট কোনো সংখ্যার একক স্থানীয় অঙ্ক x এবং দশক স্থানীয় অঙ্ক y হলে—

i. সংখ্যাটি $x + 10y$ ii. সংখ্যাটি $10x + y$

iii. $x = 2$, $y = 3$ হলে সংখ্যাটি 32

নিচের কোনটি সঠিক? (কঠিন)

- ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

□ নিচের তথ্যের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও :

একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য বিস্তারের দেড়গুণ এবং এর বেত্রফল 600 বর্গমিটার।

১৯. আয়তাকার বাগানটির দৈর্ঘ্য কত? (মধ্যম)

- ক) 15 মিটার খ) 20 মিটার ● 30 মিটার ঘ) 40 মিটার

ব্যাখ্যা : ধরি, বাগানটির বিস্তার x মিটার

\therefore বাগানটির দৈর্ঘ্য $1\frac{1}{2} \times x$ মিটার = $\frac{3}{2}x$ মিটার

\therefore বেত্রফল, $\frac{3}{2}x \times x = 600$ বা, $\frac{3x^2}{2} = 600$

বা, $3x^2 = 1200$ বা, $x^2 = 400$

$x = 20$

$\therefore \frac{3}{2}x = \frac{3}{2} \times 20 = 30$ \therefore বাগানটির দৈর্ঘ্য 30

মিটার।

২০. আয়তাকার বাগানটির প্রস্থ কত? (মধ্যম)

- ক) 10 মিটার ● 20 মিটার গ) 30 মিটার ঘ) 40 মিটার

২১. আয়তাকার বাগানটির পরিসীমা নিচের কোনটি? (সহজ)

- 100 মিটার খ) 110 মিটার গ) 120 মিটার ঘ) 140 মিটার

□ নিচের তথ্যের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও :

বর্তমানে পিতা ও পুত্রের বয়সের অনুপাত 5 : 2। 10 বছর পর তাদের বয়সের অনুপাত হবে 2 : 1।

২২. নিচের কোনটি 10 বছর পর পিতা ও পুত্রের বয়সের সমীকরণ প্রকাশ করে?

(সহজ)

ক) $2x - 5y = 10$ খ) $2x + 5y = 140$

● $x - 2y = 10$ ঘ) $x + 2y = 10$

২৩. বর্তমানে পিতা ও পুত্রের বয়সের সমষ্টি কত বছর? (মধ্যম)

- ক) 50 খ) 60 ● 70 ঘ) 80

৬.৪ : লেখচিত্রের সাহায্যে সরল সহসমীকরণের সমাধান

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৪. দুই চলকবিশিষ্ট যেকোনো সরল সহসমীকরণের লেখ নিচের কোনটি? (সহজ)

- সরলরেখা খ) বক্ররেখা গ) বৃত্ত ঘ) পরাবৃত্ত

ব্যাখ্যা : দুইটি চলকবিশিষ্ট সরল সমীকরণের

জন্য লেখ অঙ্কন করলে দুইটি সরলরেখা পাওয়া যায়।

২৫. দুইটি সরল সমীকরণের অঙ্কিত লেখের ছেদবিন্দুর ভূজ 3 ও কোটি 2 হলে সমীকরণ যুগলের সমাধান কোনটি? (সহজ)

- ক) (2, 3) ● (3, 2) গ) (5, 3) ঘ) (3, 5)

২৬. $x + y = 0$ এবং $2x - y + 3 = 0$ সরলরেখা দুটি কোন বিন্দুতে ছেদ করে?

- ক $(\frac{1}{3}, \frac{1}{3})$ খ $(1, 1)$
গ $(-3, 3)$ ● $(-1, 1)$

২৭. নিচের কোন বিন্দু $2x - 5y + 12 = 0$ রেখার উপরে অবস্থিত?

- ক $(2, 3)$ খ $(3, 3)$ ● $(\frac{3}{2}, 3)$ ঘ $(0, 2)$

২৮. ১ম চতুর্ভাগে অবস্থিত—

- ক $(+, -)$ ● $(+, +)$ গ $(-, -)$ ঘ $(-, +)$

২৯. লেখচিত্রের দুটি সরল রেখা $(2, 1)$ বিন্দুতে ছেদ করলে তাদের সমাধান কী হবে?

- ক $(1, 2)$ ● $(2, 1)$ গ $(2, 2)$ ঘ $(1, 1)$

৩০. A বিন্দুর স্থানাঙ্ক $(5, 4)$ হলে তার ভূজ কত?

- ক 4 খ 6 গ 3 ● 5

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩১. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- i. সরল সহসমীকরণ যুগলের সমাধান ছেদবিন্দুটির ভূজ ও কোটি
ii. $(-3, -5)$ বিন্দুটি তৃতীয় চতুর্ভাগে অবস্থিত
iii. $(3, -4)$ বিন্দুটি দ্বিতীয় চতুর্ভাগে অবস্থিত
নিচের কোনটি সঠিক? (সহজ)
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩২. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- i. লেখচিত্র অঙ্কনের জন্য উভয় অক্ষের ক্ষুদ্রতম বর্গের প্রতিবাহুর দৈর্ঘ্যকে একক ধরা হয়
ii. দুইটি সরলরেখার ছেদবিন্দুর স্থানাঙ্ক উভয় সরলরেখায় অবস্থিত
iii. মূলবিন্দুর স্থানাঙ্ক (x, y)
নিচের কোনটি সঠিক? (মধ্যম)

৩৬. $(4, -3)$ বিন্দুটি লেখচিত্রের কোন চতুর্ভাগে অবস্থিত?

- ক প্রথম ● দ্বিতীয় গ তৃতীয় ঘ চতুর্থ

৩৭. লেখচিত্রে $(-2, 3)$ বিন্দুটি কোন চতুর্ভাগে অবস্থিত?

- ক প্রথম খ দ্বিতীয় গ তৃতীয় ● চতুর্থ

৩৮. একটি প্রকৃত ভগ্নাংশের লবের সাথে 7 যোগ করলে ভগ্নাংশটির মান 2 হয় কিন্তু হরের থেকে 2 বিয়োগ করলে ভগ্নাংশটির মান 1 হয়। ভগ্নাংশটি নিচের কোনটি?

- ক $\frac{1}{4}$ খ $\frac{5}{7}$ ● $\frac{3}{5}$ ঘ $\frac{5}{6}$


৩৯. $(0, 3)$ বিন্দুটি ছক কাগজে কোথায় পড়বে?

- y অক্ষে খ x অক্ষে গ ১ম চতুর্ভাগে ঘ ২য় চতুর্ভাগে

- i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও :



উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতিবাহুর দৈর্ঘ্যকে একক ধরে।

৩৩. $3x + 4y = 12$ রেখাটির x অক্ষের ছেদবিন্দুর স্থানাঙ্ক নিচের কোনটি? (সহজ)

- $(4, 0)$ খ $(0, 4)$ গ $(3, 0)$ ঘ $(0, 3)$

ব্যাখ্যা : আমরা জানি, কোনো রেখা x অক্ষকে ছেদ করলে তার y স্থানাঙ্ক অর্থাৎ কোটি 0 (শূন্য) হবে। আবার y অক্ষকে ছেদ করলে তার x স্থানাঙ্ক অর্থাৎ ভূজ 0 (শূন্য) হবে।

৩৪. $2x - 3y = -5$ রেখাটি y অক্ষকে যে বিন্দুতে ছেদ করেছে তার স্থানাঙ্ক কোনটি? (সহজ)

- ক (-1.70) ● $(0, 1.7)$
গ $(-1, 1.7)$ ঘ $(-1, 7.0)$

৩৫. চিত্রের রেখাঘরের ছেদবিন্দুর স্থানাঙ্ক কত? (মধ্যম)

- ক $(4, 0)$ খ $(0, 6)$ ● $(2, 3)$ ঘ $(3, 2)$

ব্যাখ্যা : চিত্র থেকে দেখা যায় যে, রেখাঘরের ছেদবিন্দু x-অক্ষের দিকে 2 একক এবং y-অক্ষের ধনাত্মক দিকে 3 একক দূরে অবস্থিত। সুতরাং ছেদবিন্দুর স্থানাঙ্ক $(2, 3)$

৪০. মাতার বর্তমান বয়স তাঁর দুই কন্যার বয়সের সমষ্টির চারগুণ। 5 বছর পরে মাতার বয়স ঐ দুই কন্যার বয়সের সমষ্টির দ্বিগুণ হবে। মাতার বর্তমান বয়স কত?

- ক 15 বছর খ 35 বছর গ 60 বছর ● 30 বছর

৪১. তুহিনের বয়স 5 বছর। রিফাতের বয়স তুহিনের বয়সের 5 গুণ হলে, রিফাতের বয়স কত হবে?

- ক 10 বছর ● 25 বছর গ 30 বছর ঘ 20 বছর

৪২. y-অক্ষ থেকে $(4, 3)$ বিন্দুর দূরত্ব কত?

- ক 1 খ 3 ● 4 ঘ 7

৪৩. x অক্ষরেখা থেকে $(5, 6)$ বিন্দুটি কত একক দূরে অবস্থিত?

- ক 1 খ 4 গ 5 ● 6

৪৪. কোনো সংখ্যার চারগুণের সাথে 12 যোগ করলে সংখ্যাটি 20 হবে?

- ক 5 খ 3 ● 2 ঘ 1

৪৫. ছক কাগজে $(-2, 9)$ বিন্দুটি কোন চতুর্ভাগে অবস্থিত?

- ক) ১ম ● ২য় গ) ৩য় ঘ) ৪র্থ

৪৬. নিচের কোন বিন্দুটি $x - y = 1$ সরলরেখার উপর অবস্থিত?

- ক) $(6, -2)$ খ) $(0, 1)$ ● $(6, 5)$
ঘ) $(4, 0)$

৪৭. দুইটি সংখ্যার যোগফল 5 এবং বিয়োগফল 55 হলে, সংখ্যা দুইটি কত?

- ক) 30, 25 ● 30, -25 গ) 25, -30
ঘ) -25, -30

৪৮. পিতা ও পুত্রের বর্তমান বয়স 40 বছর ও 10 বছর। 5 বছর পূর্বে তাদের বয়সের অনুপাত কত ছিল?

- 7 : 1 খ) 5 : 1 গ) 4 : 1 ঘ) 2 : 1

৪৯. $(-5, -2)$ বিন্দুটি লেখচিত্রের কোন চতুর্ভাগে অবস্থিত?

- ক) প্রথম খ) দ্বিতীয় ● তৃতীয় ঘ) চতুর্থ

৫০. একটি সংখ্যার একক স্থানের অঙ্ক x এবং দশক স্থানের অঙ্ক y হলে সংখ্যাটি কত?

- $x + 10y$ খ) $y + 10x$ গ) $x + y$
ঘ) xy

৫১. $y = 7 - x$ সরলরেখার লেখ আঁকার জন্য নিচের কোনটি সঠিক?

- ক)

x	-2	-1
y	-9	8

 খ)

x	-2	-1
y	19	18

●

x	-2	-1
y	9	8

 ঘ)

x	-2	-1
y	10	5

৫২. $(-6, 5)$ বিন্দুটি কোন চতুর্ভাগে অবস্থিত?

- ক) ১ম ● ২য় গ) ৩য় ঘ) ৪র্থ

৫৩. দুইটি সরল সহসমীকরণের লেখ সমান্তরাল হলে—

- i. এদের ছেদ বিন্দু নেই
ii. এদের যুগপৎ সমাধান অসংখ্য
iii. কোনো সমাধান নেই
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের তথ্যের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও :

দুইটি সংখ্যার যোগফল 40 এবং বিয়োগফল 20।

৫৪. বড় সংখ্যাটি কত?

- ক) 15 খ) 20 গ) 25 ● 30

৫৫. ছোট সংখ্যাটি বড় সংখ্যাটির কত গুণ?

- $\frac{1}{3}$ খ) $\frac{1}{4}$ গ) $\frac{1}{5}$ ঘ) $\frac{1}{6}$

□ নিচের তথ্যের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও :

কোনো আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা 10 মিটার বেশি। এর পরিসীমা 40 মিটার।

৫৬. ক্ষেত্রটির দৈর্ঘ্য কত মিটার?

- ক) 14 ● 15 গ) 24 ঘ) 28

৫৭. ক্ষেত্রটির ক্ষেত্রফল কত বর্গমিটার?

- ক) 56 ● 75 গ) 336 ঘ) 504

৫৮. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- i. $3x + 2y = 4$ একটি সরল সহসমীকরণ
ii. $x + y = 5$ এবং $x - y = 3$ সমীকরণ দুইটির একমাত্র সমাধান $x = 4$ এবং $y = 1$

iii. চলকদ্বয়ের যে মান দ্বারা সহসমীকরণ যুগপৎ সিদ্ধ হয় এদেরকে সহসমীকরণের মূল বলা হয়

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ● i, ii ও iii

৫৯. i. প্রথম চতুর্ভাগে x ও y এর স্থানাঙ্ক ধনাত্মক

ii. তৃতীয় চতুর্ভাগে x ও y এর স্থানাঙ্ক ঋনাত্মক

iii. y অক্ষের উপর y এর স্থানাঙ্ক শূন্য (০)

নিচের কোনটি সঠিক? (সহজ)

- i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের তথ্যগুলো লক্ষ কর :

i. $(2, 5)$ বিন্দুর অবস্থান গ্রাফ কাগজের ১ম চতুর্ভাগে


ii. গ্রাফ কাগজে কোনো বিন্দুর প্রতিরূপী পী সংখ্যা হলো ঐ বিন্দুর স্থানাঙ্ক

iii. মূল বিন্দুর স্থানাঙ্ক $(0, 0)$

নিচের কোনটি সঠিক? (সহজ)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



AB সরলরেখার সমীকরণ $x + y = 5$ এবং CD রেখার সমীকরণ $x - y = 0$

৬০. নিচের কোন বিন্দুটি $x + y = 5$ রেখার উপর অবস্থিত? (মধ্যম)

- ক) $(1, 3)$ খ) $(0, 0)$
গ) $(-1, -3)$ ● $(6, -1)$

৬১. AB এবং OD রেখার ছেদবিন্দুর স্থানাঙ্ক নিচের কোনটি? (মধ্যম)

- ক) $\left(0, \frac{5}{2}\right)$ ● $\left(\frac{5}{2}, \frac{5}{2}\right)$

- গ) $\left(\frac{5}{2}, 0\right)$ ঘ) $(5, 5)$

৬২. চিত্রে প্রদর্শিত ত্রিভুজটি কোন ধরনের? (সহজ)

- সমবাহু খ) সমদ্বিবাহু গ) বিষমবাহু ঘ) সূক্ষ্মকোণী

সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন -১ ▶ দুই অঙ্কবিশিষ্ট কোনো সংখ্যার অঙ্কদ্বয়ের সমষ্টির সাথে 12 যোগ করলে যোগফল দশক স্থানীয় অঙ্কটির তিনগুণ হয়। কিন্তু সংখ্যাটি থেকে 45 বিয়োগ করলে অঙ্কদ্বয় স্থান পরিবর্তন করে।

ক. উপরের তথ্যের ভিত্তিতে x ও y এর মাধ্যমে দুইটি সমীকরণ গঠন কর।

২

খ. সংখ্যাটি নির্ণয় কর।

৪

গ. উদ্দীপক থেকে প্রাপ্ত সমীকরণ দুইটি লেখচিত্রের মাধ্যমে সমাধান কর।

৪

▶▶ ১নং প্রশ্নের সমাধান ▶▶

ক. মনে করি, একক স্থানীয় অঙ্কটি x

এবং দশক ” ” y

∴ সংখ্যাটি $10y + x$

শর্তানুসারে, $x + y + 12 = 3y$

∴ $x - 2y = -12$ (i)

$10y + x - 45 = 10x + y$(ii)

খ. সমীকরণ (i) থেকে পাই,

$x + y + 12 = 3y$

আবার, সমীকরণ (ii) থেকে পাই,

$10y + x - 45 = 10x + y$

বা, $10y + x - 10x - y = 45$

বা, $9y - 9x = 45$

বা, $9(y - x) = 45$

বা, $y - x = 5$

বা, $y = 5 + x$

বা, $y = 5 + 2y - 12$ (iii) থেকে মান বসিয়ে।

বা, $y - 2y = 5 - 12$

বা, $-y = -7$

∴ $y = 7$

এখন, y এর মান সমীকরণ (iii)-এ বসিয়ে পাই,

$x = 2y - 12$

$= 2 \times 7 - 12 = 2$

∴ সংখ্যাটি $= 10 \times 7 + 2 = 70 + 2 = 72$ (Ans.)

গ. সমীকরণ (i) থেকে পাই,

$x + y + 12 = 3y$

বা, $2y = x + 12$

∴ $y = \frac{x + 12}{2}$ (iv)

x -এর বিভিন্ন মানের জন্য y -এর মান বের করে নিচের ছকটি তৈরি করি :

x	-4	0	2	4
y	4	6	7	8

ছক-১

আবার, সমীকরণ (ii) থেকে পাই,

$10y + x - 45 = 10x + y$

বা, $9y = 45 + 9x$


∴ $y = 5 + x$ (v)

x -এর বিভিন্ন মানের জন্য y -এর মান বের করে নিচের ছকটি তৈরি করি :

x	-2	0	2	5
y	3	5	7	10

ছক-২

মনে করি, XOX' ও YOY' যথাক্রমে X -অব ও Y -অব এবং O মূলবিন্দু। উভয় অবের ক্ষুদ্রতম বর্গের দুই বাহুর দৈর্ঘ্যকে একক ধরি। ছক-১ এর $(-4, 4)$, $(0, 6)$, $(2, 7)$ ও $(4, 8)$ বিন্দুগুলোকে ছক কাগজে স্থাপন করি। এই বিন্দুগুলো যোগ করে উভয় দিকে বর্ধিত করে সমীকরণ (i) দ্বারা নির্দেশিত সরলরেখাটির লেখ পাই।



আবার, ছক-২ এর $(-2, 3)$, $(0, 5)$, $(2, 7)$ ও $(5, 10)$ বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করি। এই বিন্দুগুলো যোগ করে (ii) নং সমীকরণ দ্বারা নির্দেশিত সরলরেখার লেখ পাই। এই সরলরেখাটি পূর্বোক্ত সরলরেখাকে A বিন্দুতে ছেদ করে। A বিন্দু উভয় সরলরেখার সাধারণ বিন্দু। এর স্থানাঙ্ক উভয় সমীকরণকে সিদ্ধ করে। লেখ থেকে দেখা যায় A বিন্দুর ভুজ 2 এবং কোটি 7 নির্ণয় সমাধান : $(x, y) = (2, 7)$

প্রশ্ন -২ ▶ 2 বছর পূর্বে ভাই ও বোনের বয়সের অনুপাত 4 : 1. 2

বছর পরে ভাই ও বোনের বয়সের অনুপাত ৪ : ৫। [ভাইয়ের বর্তমান বয়স

x বছর এবং বোনের বর্তমান বয়স y বছর]

- ক. উদ্দীপকের আলোকে সমীকরণ দুইটি গঠন কর। ২
 খ. তাদের বর্তমান বয়স নির্ণয় কর। ৪
 গ. লেখের সাহায্যে সমীকরণ দুইটির সমাধান কর। ৪

◀ ২নং প্রশ্নের সমাধান ▶

ক. দেওয়া আছে, ভাই ও বোনের বর্তমান বয়স যথাক্রমে x বছর ও y বছর।

∴ ২ বছর পূর্বে ভাই ও বোনের বয়স যথাক্রমে

$(x - 2)$ বছর ও $(y - 2)$ বছর

এবং ২ বছর পরে ভাই ও বোনের বয়স যথাক্রমে $(x + 2)$ বছর ও $(y + 2)$ বছর।

প্রশ্নানুসারে,

$$(x - 2) : (y - 2) = 4 : 1 \dots\dots\dots(i)$$

$$(x + 2) : (y + 2) = 8 : 5 \dots\dots\dots(ii)$$

খ. (i) নং সমীকরণ থেকে পাই,

$$(x - 2) : (y - 2) = 4 : 1$$

$$\text{বা, } \frac{x - 2}{y - 2} = \frac{4}{1}$$

$$\text{বা, } x - 2 = 4y - 8$$

$$\text{বা, } x = 4y - 8 + 2$$

$$\therefore x = 4y - 6 \dots\dots\dots(iii)$$

(ii) সমীকরণ নং থেকে পাই,

$$(x + 2) : (y + 2) = 8 : 5$$

$$\text{বা, } \frac{x + 2}{y + 2} = \frac{8}{5}$$

$$\text{বা, } 5x + 10 = 8y + 16$$

$$\text{বা, } 5x = 8y + 16 - 10$$

$$\text{বা, } 5x = 8y + 6$$

$$\text{বা, } 5(4y - 6) = 8y + 6 \text{ [(iii) নং হতে } x \text{ এর মান বসিয়ে]}$$

$$\text{বা, } 20y - 30 = 8y + 6$$

$$\text{বা, } 20y - 8y = 6 + 36$$

$$\text{বা, } 12y = 36$$

$$\therefore y = 3$$

∴ বোনের বর্তমান বয়স ৩ বছর।

y এর মান (iii) নং বসিয়ে,

$$x = 4 \cdot 3 - 6 = 12 - 6 = 6$$

∴ ভাইয়ের বয়স ৬ বছর।

∴ ভাই ও বোনের বর্তমান বয়স যথাক্রমে ৬ বছর ও ৩ বছর।

গ. ‘খ’ থেকে পাই, $x = 4y - 6$

$$\text{বা, } y = \frac{x + 6}{4} \dots\dots\dots(i)$$

$$\text{এবং } 5x = 8y + 6$$

$$\text{বা, } y = \frac{5x - 6}{8} \dots\dots\dots(ii)$$

সমীকরণ (i) এ x -এর বিভিন্ন মানের জন্য y -এর মান বের করে নিচের ছকটি তৈরি করি :

x	২	৬	-২
y	২	৩	১

ছক-১

সমীকরণ (ii) এ x -এর বিভিন্ন মানের জন্য y -এর মান বের করে নিচের ছকটি তৈরি করি :


x	-২	৬
y	-২	৩

ছক-২

মনে করি, XOX' ও YOY' যথাক্রমে X -অব ও Y -অব এবং O মূলবিন্দু।

উভয় অবের ক্ষুদ্রতম বর্গের প্রতি দুই বাহুর দৈর্ঘ্যকে একক ধরি।

ছক-১ এ $(2, 2)$, $(6, 3)$ ও $(-2, 1)$ বিন্দুগুলোকে ছক কাগজে স্থাপন করি। এই বিন্দুগুলো যোগ করে উভয় দিকে বর্ধিত করে সমীকরণ (i) দ্বারা নির্দেশিত সরলরেখাটির লেখ পাই।



আবার, ছক-২ এ $(-2, 2)$ ও $(6, 3)$ বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করি। এই বিন্দুগুলো যোগ করে সমীকরণ (ii) দ্বারা নির্দেশিত সরলরেখাটির লেখ পাই। এই সরলরেখাটি পূর্বোক্ত সরলরেখাকে A বিন্দুতে ছেদ করে A বিন্দু উভয় সরলরেখার সাধারণ বিন্দু। এর স্থানাঙ্ক উভয় সমীকরণকে সিদ্ধ করে। লেখ থেকে দেখা যায়, A বিন্দুর ভূজ ৬ এবং কোটি ৩।

নির্ণেয় সমাধান : $(x, y) = (6, 3)$

প্রশ্ন -৩ কোনো ভগ্নাংশের লব ও হরের যোগফল ১৩, লবের সঙ্গে ৩ যোগ করলে ভগ্নাংশের মান ১ হয়।

- ক. উদ্দীপকের আলোকে দুইটি সমীকরণ গঠন কর। ২
 খ. ভগ্নাংশটি নির্ণয় কর। ৪
 গ. লেখের সাহায্যে সমীকরণদ্বয়ের সমাধান নির্ণয় কর। ৪

◀ ৩নং প্রশ্নের সমাধান ▶

ক. মনে করি, ভগ্নাংশের লব x ও হর y

$$\therefore \text{ভগ্নাংশটি } \frac{x}{y}$$

প্রশ্নানুসারে,

$$1) x + y = 13 \dots\dots\dots(i)$$

$$2) \frac{x+3}{y} = 1 \dots\dots\dots(ii)$$

খ. সমীকরণ (ii) থেকে পাই,

$$\frac{x+3}{y} = 1$$

$$\text{বা, } x + 3 = y \dots\dots\dots(iii)$$

y এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই,

$$x + x + 3 = 13$$

$$\text{বা, } 2x + 3 = 13$$

$$\text{বা, } 2x = 13 - 3$$

$$\text{বা, } 2x = 10$$

$$\therefore x = 5$$

x এর মান (iii) নং সমীকরণে বসিয়ে পাই,

$$y = 5 + 3 = 8$$

$$\text{নির্ণেয় ভগ্নাংশটি } \frac{5}{8}$$

গ. 'ক' থেকে পাই, $x + y = 13 \dots\dots\dots(i)$

$$y = 13 - x$$

x -এর বিভিন্ন মানের জন্য y -এর মান বের করে নিচের ছকটি তৈরি করি :

x	4	5	7
y	9	8	6

ছক-১

$$\text{এবং } \frac{x+3}{y} = 1 \dots\dots\dots(ii)$$


$$\therefore y = x + 3$$

x -এর বিভিন্ন মানের জন্য y -এর মান বের করে নিচের ছকটি তৈরি করি :

x	-2	1	5
y	1	4	8

ছক-২

মনে করি, XOX' ও YOY' যথাক্রমে X -অব ও Y -অব এবং O মূলবিন্দু। উভয় অক্ষের ক্ষুদ্রতম বর্গের প্রতি দুই বাহুর দৈর্ঘ্যকে এক একক ধরি। ছক-১ এ (4, 9), (5, 8) ও (7, 6) বিন্দুগুলোকে লেখ কাগজে স্থাপন করি। এই বিন্দুগুলো যোগ করে উভয়দিকে বর্ধিত করে সমীকরণ (i) দ্বারা নির্দেশিত সরলরেখাটির লেখ পাই।



আবার, ছক-২ এ (-2, 1), (1, 4) ও (5, 8) বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করি। এই বিন্দুগুলো যোগ করে সমীকরণ (ii) দ্বারা নির্দেশিত সরলরেখাটির লেখ পাই। এই সরলরেখাটি পূর্বোক্ত সরলরেখাকে A বিন্দুতে ছেদ করে। A বিন্দু উভয় সরলরেখার সাধারণ বিন্দু। এর স্থানাঙ্ক উভয় সমীকরণকে সিদ্ধ করে। লেখ থেকে দেখা যায়, A বিন্দুর ভূজ 5 এবং কোটি 8।

নির্ণেয় সমাধান : $(x, y) = (5, 8)$

প্রশ্ন-৪ ▶ $3x + 2y = 12$, $2x + 3y = 13$ দুইটি সমীকরণ-

ক. (4, 0) বিন্দুটি প্রথম সমীকরণকে সিদ্ধ করে কি-না যাচাই কর।

২

খ. অপনয়ন পদ্ধতিতে সমীকরণদ্বয়ের সমাধান কর।

৪

গ. লেখচিত্র থেকে সমীকরণদ্বয়ের সমাধান নির্ণয় কর।

৪

▶ ৪ নং প্রশ্নের সমাধান ▶

ক. দেওয়া আছে, প্রথম সমীকরণ $3x + 2y = 12$

দ্বিতীয় সমীকরণ $2x + 3y = 13$

(4, 0) বিন্দুটি প্রদত্ত প্রথম সমীকরণে বসিয়ে পাই,

$$\text{বামপর্ব} = 3 \times 4 + 2 \times 0 = 12 = \text{ডানপর্ব}$$

$$\therefore \text{বামপর্ব} = \text{ডানপর্ব}$$

\therefore (4, 0) বিন্দুটি প্রথম সমীকরণকে সিদ্ধ করে।

খ. প্রদত্ত সমীকরণ

$$3x + 2y = 12 \dots\dots\dots(1)$$

$$2x + 3y = 13 \dots\dots\dots(2)$$

সমীকরণ (1) কে 3 দ্বারা এবং সমীকরণ (2) কে 2 দ্বারা গুণ করে পাই,

$$9x + 6y = 36$$

$$4x + 6y = 26$$

$$\begin{array}{r} - \\ - \\ \hline 5x = 10 \text{ [বিয়োগ করে]} \end{array}$$

$$\text{বা, } x = \frac{10}{5}$$

$$\therefore x = 2$$

সমীকরণ (1)-এ x -এর মান বসিয়ে পাই,

$$3 \times 2 + 2y = 12$$

বা, $2y = 12 - 6$

বা, $2y = 6$

$\therefore y = 3.$

নির্ণেয় সমাধান $(x, y) = (2, 3)$

গ. প্রদত্ত সমীকরণ (1) হতে পাই,

$2y = 12 - 3x$

$y = \frac{12 - 3x}{2}$

x-এর বিভিন্ন মানের জন্য y-এর মান বের করে নিচের ছকটি তৈরি করি :

x	-2	0	2	4	6
y	9	6	3	0	-3

ছক-১

আবার, সমীকরণ (2) হতে পাই,

$3y = 13 - 2x$

$y = \frac{13 - 2x}{3}$


x এর বিভিন্ন মানের জন্য y-এর মান বের করে নিচের ছকটি তৈরি করি :

x	-1	0	2	5	8
y	5	$\frac{13}{3}$	3	1	-1

ছক-২

মনে করি XOX' ও YOY' যথাক্রমে X-অব ও Y অব এবং O মূল বিন্দু।

উভয় অক্ষের বৃহত্তম দৈর্ঘ্যের প্রতিবাহুর দৈর্ঘ্যকে একক ধরি। ছক-১এ $(-2, 9)$, $(0, 6)$, $(2, 3)$, $(4, 0)$ ও $(6, -3)$ বিন্দুগুলোকে লেখ কাগজে স্থাপন করি। এই বিন্দুগুলো যোগ করে উভয় দিকে বর্ধিত করে সমীকরণ (1) দ্বারা নির্দেশিত সরলরেখাটির লেখ পাই।



আবার, ছক-২ এ $(-1, 5)$, $(0, \frac{13}{3})$, $(2, 3)$, $(5, 1)$ ও $(8, -1)$ বিন্দুগুলো লেখ কাগজে স্থাপন করি। এই বিন্দুগুলো যোগ করে (2) নং সমীকরণ দ্বারা নির্দেশিত সরলরেখাটির লেখ পাই।

এই সরলরেখা পূর্বোক্ত সরলরেখাকে A বিন্দুতে ছেদ করে। A বিন্দু উভয় সরলরেখার সাধারণ বিন্দু। এর স্থানাঙ্ক উভয় সমীকরণকে সিদ্ধ করে। লেখ থেকে দেখা যায় যে, A বিন্দুর তুজ 2 এবং কোটি 3।

নির্ণেয় সমাধান $(x, y) = (2, 3)$

প্রশ্ন-৫ ▶ $x + 2y = 6$ এবং $2x - y = 2$ সরল সমীকরণ।

ক. $(0, 3)$ বিন্দুটি কোন সমীকরণের মূল নির্ণয় কর। ২

খ. প্রতিস্থাপন পদ্ধতিতে সমাধান কর। ৪

গ. লেখের সাহায্যে সমাধান কর। ৪

▶ ৬ নং প্রশ্নের সমাধান ▶ ৬

ক. প্রদত্ত সমীকরণ

$x + 2y = 6$ (1)

$2x - y = 2$ (2)

$(0, 3)$ বিন্দুটি সমীকরণ (1) ও (2) এর বামপর্বে বসিয়ে পাই,

সমীকরণ (1)-এর বামপর্ব = $0 + 2 \times 3 = 6 =$ ডানপর্ব

\therefore বামপর্ব = ডানপর্ব

এবং সমীকরণ (2)-এর বামপর্ব = $2 \times 0 - 3 = 0 - 3 = -3$

\therefore বামপর্ব \neq ডানপর্ব

$\therefore (0, 3)$ বিন্দুটি (1) নং সমীকরণের মূল।

খ. প্রদত্ত সমীকরণ,

$x + 2y = 6$ (1)

$2x - y = 2$ (2)

সমীকরণ (2) হতে পাই, $y = 2x - 2$ (3)

সমীকরণ (1) -এ y-এর মান বসিয়ে পাই,

$x + 2(2x - 2) = 6$

বা, $x + 4x - 4 = 6$

বা, $5x = 6 + 4$

বা, $5x = 10$

$\therefore x = 2$

এখন x-এর মান সমীকরণ (3)-এ বসিয়ে পাই,

$y = 2 \times 2 - 2$

$= 4 - 2$

$= 2$

নির্ণেয় সমাধান $(x, y) = (2, 2)$

গ. সমীকরণ (1) হতে পাই,

$2y = 6 - x$

$y = \frac{6 - x}{2}$

x-এর বিভিন্ন মানের জন্য y-এর মান বের করে নিচের ছকটি তৈরি করি :

x	-2	0	2	4	6
y	4	3	2	1	0

ছক-১

আবার, সমীকরণ (2) হতে পাই,

$$y = 2x - 2$$


x-এর বিভিন্ন মানের জন্য y-এর মান বের করে নিচের ছকটি তৈরি করি :

x	-3	0	1	3	5
y	-8	-2	0	4	8

ছক-২

মনে করি XO'X' ও YO'Y' যথাক্রমে X-অক্ষ ও Y অক্ষ এবং O মূলবিন্দু।

উভয় অক্ষের বৃহত্তম দৈর্ঘ্যের প্রতিবাহুর দৈর্ঘ্যকে একক ধরি। ছক-১ (-2, 4), (0, 3), (2, 2), (4, 1) ও (6, 0) বিন্দুগুলোকে ছক কাগজে স্থাপন করি। এই বিন্দুগুলো যোগ করে উভয় দিকে বর্ধিত করে সমীকরণ (1) দ্বারা নির্দেশিত সরলরেখাটির লেখ পাই।



আবার, ছক-২ এ (-3, -8), (0, -2), (1, 0), (3, 4) ও (5, 8) বিন্দুগুলো লেখ কাগজে স্থাপন করি। এই বিন্দুগুলো যোগ করে সমীকরণ (2) দ্বারা নির্দেশিত সরলরেখাটির লেখ পাই।

এই সরলরেখা পূর্বোক্ত সরলরেখাকে A বিন্দুতে ছেদ করে। A বিন্দু উভয় সরলরেখার সাধারণ বিন্দু। এর স্থানাঙ্ক উভয় সমীকরণকে সিদ্ধ করে। লেখ থেকে দেখা যায় যে, A বিন্দুর ভূজ 2 এবং কোটি 2।

নির্ণেয় সমাধান $(x, y) = (2, 2)$

প্রশ্ন -৬ ▶ কোনো ভগ্নাংশের লব থেকে 4 বিয়োগ করলে এর মান হয় 1।

আবার, হর থেকে 2 বিয়োগ করলে এর মান হয় 3।

ক. ভগ্নাংশটিকে $\frac{x}{y}$ ধরে সমীকরণ জোট গঠন কর। ২

খ. সমীকরণ জোট প্রতিস্থাপন পদ্ধতিতে সমাধান কর। ৪

গ. সমীকরণ জোটের লেখচিত্র অঙ্কন কর। ৪

▶◀ ৬নং প্রশ্নের সমাধান ▶◀

ক. মনে করি, ভগ্নাংশটি $\frac{x}{y}$, $y \neq 0$.

$$1ম শর্তমতে, \frac{x-4}{y} = 1$$

$$2য় শর্তমতে, \frac{x}{y-2} = 3$$

খ. 'ক' হতে প্রাপ্ত ভগ্নাংশটি $\frac{x}{y}$

$$সমীকরণদ্বয়, \frac{x-4}{y} = 1 \dots\dots\dots(1)$$

$$এবং \frac{x}{y-2} = 3 \dots\dots\dots(2)$$

সমীকরণ (1) হতে পাই, $x - 4 = y$

$$বা, x - y = 4 \dots\dots\dots(3)$$

সমীকরণ (2) হতে পাই, $x = 3y - 6$

$$বা, x - 3y = -6 \dots\dots\dots(4)$$

সমীকরণ (3) ও (4) হতে পাই,

$$x - y = 4$$

$$x - 3y = -6$$

$$\begin{array}{r} - \\ + \\ + \end{array}$$

$$2y = 10 \text{ [বিয়োগ করে]}$$

$$\therefore y = 5$$

সমীকরণ (3) এ y-এর মান বসিয়ে পাই,

$$x - 5 = 4$$

$$বা, x = 4 + 5 = 9$$

$$\therefore x = 9$$

নির্ণেয় সমাধান $(x, y) = (9, 5)$

গ. 'খ' হতে প্রাপ্ত সমীকরণ

$$x - y = 4 \dots\dots\dots(3)$$

$$x - 3y = -6 \dots\dots\dots(4)$$

সমীকরণ (3) হতে পাই

$$y = x - 4$$

x-এর বিভিন্ন মানের জন্য y-এর মান বের করে নিচের ছকটি তৈরি করি :

x	-2	0	4	7	9
y	-6	-4	0	3	5

ছক-১

সমীকরণ (4) হতে পাই,

$$3y = x + 6$$

$$y = \frac{x+6}{3}$$


x-এর বিভিন্ন মানের জন্য y-এর মান বের করে নিচের ছকটি তৈরি করি।

x	-6	0	3	6	9
---	----	---	---	---	---

y	0	2	3	4	5
---	---	---	---	---	---

ছক-২

মনে করি XOX' ও YOY' যথাক্রমে X-অব ও Y-অব এবং O মূলবিন্দু। উভয় অক্ষের বৃহত্তম দৈর্ঘ্যের প্রতিবাহুর দৈর্ঘ্যকে একক ধরি। ছক-১ এ $(-2, -6)$, $(0, -4)$, $(4, 0)$, $(7, 3)$ ও $(9, 5)$ বিন্দুগুলোকে লেখ কাগজে স্থাপন করি। এই বিন্দুগুলো যোগ করে উভয় দিকে বর্ধিত করে সমীকরণ (3) দ্বারা নির্দেশিত সরলরেখাটির লেখ পাই।



আবার, ছক-২ এ $(-6, 0)$, $(0, 2)$, $(3, 3)$, $(6, 4)$, $(9, 5)$ বিন্দুগুলো লেখ কাগজে স্থাপন করি। এই বিন্দুগুলো যোগ করে সমীকরণ (4) দ্বারা নির্দেশিত সরলরেখাটির লেখ পাই।

এই সরলরেখা পূর্বোক্ত সরলরেখাকে A বিন্দুতে ছেদ করে। A বিন্দু উভয় সরলরেখার সাধারণ বিন্দু। এর স্থানাঙ্ক উভয় সমীকরণকে সিদ্ধ করে। লেখ থেকে দেখা যায় যে, A বিন্দুর ভূজ 9 এবং কোটি 5।

নির্ণেয় সমাধান $(x, y) = (9, 5)$

প্রশ্ন -৭ ▶ দুইটি সংখ্যার প্রথমটির তিনগুণের সাথে দ্বিতীয়টি যোগ করলে 13 হয়। আবার প্রথমটির সাথে দ্বিতীয়টির তিনগুণ যোগ করলে 15 হয়।

- ক. চলকের মাধ্যমে সমীকরণ দুইটি গঠন কর। ২
 খ. প্রাপ্ত সমীকরণদ্বয়কে অপনয়ন পদ্ধতিতে সমাধান কর। ৪
 গ. সমীকরণদ্বয়কে লেখচিত্রের মাধ্যমে সমাধান কর। ৪

▶ ৬ এনং প্রশ্নের সমাধান ▶ ৬

- ক. মনে করি, প্রথম সংখ্যাটি x এবং দ্বিতীয় সংখ্যাটি y
 ১ম শর্তানুসারে, $3x + y = 13$ (1)
 ২য় শর্তানুসারে, $x + 3y = 15$ (2)
 খ. 'ক' হতে প্রাপ্ত সমীকরণ,
 $3x + y = 13$ (1)
 $x + 3y = 15$ (2)
 সমীকরণ (1) কে 3 দ্বারা এবং সমীকরণ (2) কে 1 দ্বারা গুণ করে পাই,
 $9x + 3y = 39$
 $x + 3y = 15$

$$\begin{array}{r} - \\ - \\ - \\ \hline 8x = 24 \text{ [বিয়োগ করে]} \end{array}$$

$$\text{বা, } x = \frac{24}{8}$$

$$\therefore x = 3$$

সমীকরণ (1) এ x-এর মান বসিয়ে পাই,

$$3 \times 3 + y = 13$$

$$\text{বা, } 9 + y = 13$$

$$\text{বা, } y = 13 - 9$$

$$\therefore y = 4$$

নির্ণেয় সমাধান $(x, y) = (3, 4)$

গ. 'ক' হতে প্রাপ্ত সমীকরণ

$$3x + y = 13 \text{(1)}$$

$$x + 3y = 15 \text{(2)}$$

সমীকরণ (1) হতে পাই,

$$y = 13 - 3x$$

x-এর বিভিন্ন মানের জন্য y-এর মান বের করে নিচের ছকটি তৈরি করি :

x	-1	0	2	4	6
y	16	13	7	1	-5

ছক-১

সমীকরণ (2) হতে পাই,

$$3y = 15 - x$$


$$y = \frac{15 - x}{3}$$

x-এর বিভিন্ন মানের জন্য y-এর মান বের করে নিচের ছকটি তৈরি করি।

x	-3	0	3	6	9
y	6	5	4	3	2

ছক-২

মনে করি XOX' ও YOY' যথাক্রমে x-অব ও y অব এবং O মূল বিন্দু। উভয় অক্ষের বৃহত্তম দৈর্ঘ্যের প্রতিবাহুর দৈর্ঘ্যকে একক ধরি। ছক-১ এ $(-1, 16)$, $(0, 13)$, $(2, 7)$, $(4, 1)$ ও $(6, -5)$ বিন্দুগুলোকে লেখ কাগজে স্থাপন করি। এই বিন্দুগুলো যোগ করে উভয় দিকে বর্ধিত করে সমীকরণ (1) দ্বারা নির্দেশিত সরলরেখাটির লেখ পাই।



আবার, ছক-২ এ $(-3, 6)$, $(0, 5)$, $(3, 4)$, $(6, 3)$ ও $(9, 2)$ বিন্দুগুলো লেখ কাগজে স্থাপন করি। এই বিন্দুগুলো যোগ করে নং সমীকরণ (2) দ্বারা নির্দেশিত সরলরেখাটির লেখ পাই।

এই সরলরেখা পূর্বোক্ত সরলরেখাকে A বিন্দুতে ছেদ করে। A বিন্দু উভয় সরলরেখার সাধারণ বিন্দু। এর স্থানাঙ্ক উভয় সমীকরণকে সিদ্ধ করে। লেখ থেকে দেখা যায় যে, A বিন্দুর ভুজ 3 এবং কোটি 4।

নির্ণেয় সমাধান $(x, y) = (3, 4)$ ।

প্রশ্ন -৮ ▶ $3m - 2n = 0$

$17m - 7n = 13$ দুটি সমীকরণ।

- ক. $(3x + 2)(3x - 2)$ এর গুণফল নির্ণয় কর। ২
- খ. উদ্দীপকে উল্লিখিত সমীকরণ দুটির সমাধান কর। ৪
- গ. লেখের সাহায্যে সমীকরণদ্বয়ের সমাধান করে চলক m এবং n এর মান নির্ণয় কর। ৪

▶ ৬ চনং প্রশ্নের সমাধান ▶ ৬

ক. $(3x + 2)(3x - 2)$
 $= (3x)^2 - (2)^2$
 $= 9x^2 - 4$

নির্ণেয় গুণফল $9x^2 - 4$

খ. প্রদত্ত সমীকরণ

$3m - 2n = 0$ (1)

$17m - 7n = 13$ (2)

সমীকরণ (1) কে 7 দ্বারা এবং সমীকরণ (2) কে 2 দ্বারা গুণ করে পাই,

$21m - 14n = 0$

$34m - 14n = 26$

$\underline{\quad\quad\quad} + \underline{\quad\quad\quad} - \underline{\quad\quad\quad}$

$-13m = -26$ [বিয়োগ করে]

বা, $m = \frac{-26}{-13}$

$\therefore m = 2$

সমীকরণ (1) এ m-এর মান বসিয়ে পাই,

$3 \times 2 - 2n = 0$

বা, $6 - 2n = 0$

বা, $2n = 6$

বা, $n = \frac{6}{2}$

$\therefore n = 3$

নির্ণেয় সমাধান $(m, n) = (2, 3)$ ।

গ. প্রদত্ত সমীকরণ

$3m - 2n = 0$ (1)

$17m - 7n = 13$ (2)

সমীকরণ (1) হতে পাই,

$2n = 3m$

$n = \frac{3}{2}m$

m-এর বিভিন্ন মানের জন্য n-এর মান বের করে নিচের ছকটি তৈরি করি :

m	-2	0	2	4	6
n	-3	0	3	6	9

ছক-১

সমীকরণ (2) হতে পাই,

$7n = 17m - 13$

$n = \frac{17m - 13}{7}$


m-এর বিভিন্ন মানের জন্য n-এর মান বের করে নিচের ছকটি তৈরি করি।

m	-1	0	2	3	4
n	-	-1.9	3	5.4	7.9

ছক-২

মনে করি XOX' ও YOY' যথাক্রমে x-অব ও y-অব এবং O মূল বিন্দু।

উভয় অবের বৃহত্তম দৈর্ঘ্যের প্রতিবাহুর দৈর্ঘ্যকে একক ধরি। ছক-১ এ $(-2, -3)$, $(0, 0)$, $(2, 3)$, $(4, 6)$ ও $(6, 9)$ বিন্দুগুলোকে লেখ কাগজে স্থাপন করি। এই বিন্দুগুলো যোগ করে উভয় দিকে বর্ধিত করে সমীকরণ (1) দ্বারা নির্দেশিত সরলটির লেখ পাই।



আবার, ছক-২ এ $(-1, -4.3)$, $(0, -1.9)$, $(2, 3)$, $(3, 5.4)$, $(4, 7.9)$ বিন্দুগুলো লেখ কাগজে স্থাপন করি। এই বিন্দুগুলো যোগ করে সমীকরণ (2) দ্বারা নির্দেশিত সরলরেখাটির লেখ পাই।

এই সরলরেখা পূর্বোক্ত সরলরেখাকে A বিন্দুতে ছেদ করে। A বিন্দু উভয় সরলরেখার সাধারণ বিন্দু। এর স্থানাঙ্ক উভয় সমীকরণকে সিদ্ধ করে। লেখ থেকে দেখা যায় যে, A বিন্দুর ভূজ 2 এবং কোটি 3।

নির্ণেয় সমাধান $(m, n) = (2, 3)$ ।

প্রশ্ন -৯ ▶ $x + 4y = 19$ এবং $4x - y = 8$ দুইটি সরল সমীকরণ।

- ক. সরল সহসমীকরণ বলতে কী বোঝ? ২
 খ. প্রতিস্থাপন পদ্ধতিতে সমীকরণদ্বয়ের সমাধান কর। ৪
 গ. লেখচিত্রের মাধ্যমে সমীকরণদ্বয়ের সমাধান কর। ৪

▶ ৯নং প্রশ্নের সমাধান ▶

